নাম: ইমরান হাসান

জন্ম তারিখ: ১৭ ডিসেম্বর, ২০০৫

শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা :ছাত্র,
শাহাদাতের স্থান :ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

শহীদের জীবনী

শহীদ ইমরান হাসান গজারিয়া ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজিতে অধ্যায়ন করতেন।স্বপ্ন দেখতেন দক্ষ প্রকৌশলী হবার।শহীদের পিতা জনাব ছালে আহাম্মেদ একজন মুদি দোকনদার।মা গৃহিণী।অর্থনৈতিক অবস্থা মোটামুটি।৪ জনের পরিবারটির চাওয়াপাওয়া খুব বেশি ছিল না।অল্পতেই ছিলেন সন্তুষ্ট। তাদের জীবনের ছন্দপতন ঘটে ৫ আগস্ট ২০২৪ তারিখে।পরিবারে নেমে আসে বিষাদের ছাঁয়া।বড় ছেলের আকস্মিক মৃত্যুতে ভেঙে পড়েছেন শহীদ বাবা-মা।
ঘটনার বিবরণ
ছাত্র-জনতার বিজয়ের ঐতিহাসিক দিনে শহীদ হন ইমরান হাসান।৫ আগস্ট ২০২৪ তারিখ সকাল ১০ টায় শহীদ ইমরান হাসান অন্যান্য ছাত্র জনতার সাথে যাত্রাবাড়ী মোড়ে সমবেত হয়েছিলেন।স্বৈরাচারী শেখ হাসিনা পদত্যাগের পূর্বেও ছাত্র-জনতার রক্তের ওপর দিয়ে হলেও ক্ষমতায় থাকার শেষ চেষ্টা করেছিলেন। তারই অংশ হিসেবে যাত্রাবাড়ীতে দুপুর ২ টায় পুলিশ, বিজিবি ও র‍্যাব এলোপাথাড়ি গুলি ছুড়তে শুরু করে।এমন সময় ছাত্র-জনতার মিছিলে থাকা শহীদ ইমরানের বুকের ডান পাশে ও তলপেটে দুটো বুলেট আঘাত হানে।মাটিতে লুটিয়ে পড়েন শহীদ ইমরান।স্থানীয় লোকজন ঢাকা মেডিকেল কলেজে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।পরবর্তীতে ১ সেপ্টেম্বর শহীদের মা কোহিনুর আক্তার বাদী হয়ে শেখ হাসিনাসহ ২৯৮ জনের নাম উল্লেখ করে মামলা করেছিলেন।এ মামলার অভিযোগে বলা হয়ছিল, গত ৫ আগস্ট আওয়ামী লীগের নেতাকর্মী ও পুলিশ বাহিনী নির্বিচারে গুলি করে।এতে ছাত্র ইমরান হাসান গুলিবিদ্ধ হয়ে মারা যান।
দৈনিক দেশ রুপান্তর পত্রিকার মতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শুধু যাত্রাবাড়িতেই ৫০ জনের মৃত্যু হয়।
শহীদের সংক্ষিপ্ত পরিচিতি
নাম : শহীদ ইমরান হাসান
জন্ম তারিখ : ১৭.১২.২০০৫
পেশা : ছাত্র
শিক্ষাপ্রতিষ্ঠান : গজারিয়া ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি
আহত হবার স্থান : যাত্রাবাড়ী, ঢাকা
শহীদ হবার স্থান : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
আঘাতের ধরণ : গুলি বিদ্ধ
আক্রমণকারী : পুলিশ, র‍্যাব ও বিজিবি
আহত হবার সময় ও তারিখ : দুপুর ২.০০ টা, ৫ই আগস্ট, ২০২৪
শহীদ হবার সময় ও তারিখ : দুপুর ২:৩০ টা, ৫ আগস্ট ২০২৪
বর্তমান ও স্থায়ী ঠিকানা গ্রাম : গঙ্গানগর, চর রমজান সোনাউল্লাহ,
ইউনিয়ন : নিউটাউন, থানা : সোনারগাঁও, জেলা : নারায়ণগঞ্জ
পরিবার সংক্রান্ত তথ্য
পিতা : মো: ছালে আহাম্মেদ
পিতার পেশা ও বয়স : মুদি দোকানদার, ৫০ বছর
মাতা : কোহিনুর আক্তার
মাতার পেশা : গৃহিণী
মাসিক আয় : ১০,০০০/-
আয়ের উৎস : মুদি দোকান
ভাই : আবু সাইদ
বয়স ও পেশা : ১৮, ছাত্র (দশম শ্রেণি)
প্রস্তাবনা
১. অর্থনৈতিক সহযোগিতা প্রয়োজন